

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, ডিসেম্বর ৭, ২০০৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
শাখা-৫

প্রজ্ঞাপন

তারিখ, ২২ অগ্রহায়ণ ১৪১৩/৬ ডিসেম্বর ২০০৬

এস, আর, ও নং ৩১১-আইন/২০০৬।—যেহেতু The Essential Services (Second) Ordinance, 1958 (E.P. Ord. No. XLI of 1958), অতঙ্গের উক্ত Ordinance বলিয়া উল্লিখিত, এর section 3 এর sub-section (1) এ প্রদত্ত ক্ষমতান্বলে সরকার, অত্র মন্ত্রণালয়ের ২০-০৩-২০০৬ইং তারিখের প্রজ্ঞাপন এস, আর, ও নং ৮৩-আইন/২০০৩ দ্বারা তিতাস গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড, জালালাবাদ গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড, বাখরাবাদ গ্যাস সিস্টেমস লিমিটেড, ক্লিপারিত প্রাকৃতিক গ্যাস কোম্পানী লিমিটেড, বাংলাদেশ গ্যাস ফিল্ডস কোম্পানী লিমিটেড, সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড, গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড, পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড এবং বাংলাদেশ পেট্রোলিয়াম এন্ড প্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিমিটেড (বাপেও) এর সকল কর্মকর্তা ও কর্মচারীর চাকুরীর ক্ষেত্রে উক্ত Ordinance প্রযোজ্য ঘোষণা করিয়াছে এবং উক্ত ঘোষণা অত্র মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন এস, আর, ও নং ৭৭-আইন/২০০৬, তারিখ ১৮-০৫-২০০৬ইং দ্বারা ৭ম বার উক্ত Ordinance এর প্রযোজ্যতা ১৮-০৫-২০০৬ইং তারিখ (উক্ত তারিখ অন্তর্ভুক্ত) হইতে আরও ৬ (ছয়) মাস বর্ধিত করা হইয়াছে, যাহার মেয়াদ গত ১৭-১১-২০০৬ইং তারিখে শেষ হইয়াছে; এবং

যেহেতু উক্ত কোম্পানীসমূহের সকল কর্মকর্তা ও কর্মচারীর চাকুরীর ক্ষেত্রে উক্ত Ordinance প্রযোগের প্রযোজনীয়তা এখনও বিদ্যমান রহিয়াছে;

(১১৮৩৯)

মূল্য : টাকা ২.০০

সেহেতু উক্ত Ordinance এর section 3 এর sub-section (2) এ প্রদত্ত ক্ষমতাবলী
সরকার এতদ্বারা তিতাস গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড, জালালাবাদ গ্যাস
ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড, বাথরাবাদ গ্যাস সিস্টেমস লিমিটেড, ঝুপাঞ্চৰিত
প্রাকৃতিক গ্যাস কোম্পানী লিমিটেড, বাংলাদেশ গ্যাস ফিল্ডস কোম্পানী লিমিটেড, সিলেট গ্যাস ফিল্ডস
লিমিটেড, গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড, পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড এবং বাংলাদেশ
পেট্রোলিয়াম এন্ড প্রোগ্রেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিমিটেড (বাপেক্স) এর সকল কর্মকর্তা ও
কর্মচারীর চাকুরীর ক্ষেত্রে উক্ত Ordinance এর প্রযোজ্যতা ১৮-১১-২০০৬ইং তারিখ (উক্ত তারিখ
অন্তর্ভুক্ত) হইতে পরবর্তী ছয় মাস পর্যন্ত বর্ধিত করিল।

ରାଷ୍ଟ୍ରପତିର ଆଦେଶକ୍ରମେ

মোঃ শাহজাহান আলী সরদার

উপ-সচিব (শ্রম)

এ, কে, এম রফিকুল ইসলাম (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।